

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস
www.dmlc.gov.bd

স্মারক নং- ২৩.২২.০০০০.০১১.৩৩.১৭৯.২০২০- ২০৬

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: পবিত্র ওমরাহ পালনের জন্য বর্হিবাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুরকরণ।


সূত্র: সিইও, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর ১৯-০২-২০২৪ তারিখের স্মারক নং-২৩.২২.৭০১১.০২০.০২.৪০.১৩-৯৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন কাদিরাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মাহমুদুল হাসান স্যাপার প্রাইমারী স্কুল, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এর অফিস সহায়ক জনাব মোঃ আলমগীর হোসেন-কে পবিত্র ওমরাহ পালনের নিমিত্তে বর্হিবাংলাদেশ (সৌদি আরব) গমনের অনুমতিসহ তাঁর অনুকূলে ২৫-০৩-২০২৪ হতে ১৮-০৪-২০২৪ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ২৫ (পঁচিশ) দিন পূর্ণগড় বেতনে বর্হিবাংলাদেশ (অর্জিত) ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো :

শর্তাবলীঃ

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকার/এ অধিদপ্তর/ক্যান্টনমেন্ট বোর্ডের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) ছুটিকালীন সময়ে তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
- (গ) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বর্ণিত কর্মচারী ব্যক্তিগত আয়ের উৎস থেকে বহন করবেন;
- (ঘ) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবেনা এবং ছুটি বর্ধিত করণের আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) ছুটি শেষে বর্ণিত কর্মচারী নিজ কর্মস্থলে যোগদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করবেন;
- (চ) বর্ণিত কর্মচারীর সার্ভিস বুক উক্ত ছুটির হিসাব লিপিবদ্ধ করতে হবে;
- (ছ) এ ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর বিধি-২৩৪ এর পরিশিষ্ট ৮ এর ক্রম ৩৪ নং বিধান প্রযোজ্য হবে এবং
- (জ) অনুমোদিত বর্হিবাংলাদেশ ছুটি ব্যতিত অতিরিক্ত ছুটি ভোগ করলে বিধি মোতাবেক তাঁর বেতন কর্তন করা হবে।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।


২১/৩/২৪
(আসমা মোজাম্মেল)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৭১৫৬৯৫
E-mail: adadm@dmmlc.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। ইমিগ্রেশন অফিসার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/
ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ২। পিএ টু ডিজি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। জনাব মোঃ আলমগীর হোসেন
অফিস সহায়ক
মাহমুদুল হাসান স্যাপার প্রাইমারী স্কুল
কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।